

নামঃ _____ গ্রেডঃ পঞ্চম
রোলঃ _____ বিষয়ঃ Bangla
literature

শিক্ষকঃ নাজিয়া সোনম তারিখঃ _____



সংকল্প

১। শব্দার্থ ও বাক্য রচনা-

সংকল্প—তীব্র ইচ্ছা, প্রতিজ্ঞা। ভালো কাজ করার জন্য সংকল্প থাকা দরকার।

বন্ধ—বন্ধ। বন্ধ ঘরে আলো বাতাস ঢুকতে পারে না।

যুগান্তর—অন্য যুগ। অনেক যুগ-যুগান্তর পার হয়ে আমরা বর্তমান সময়ে এসেছি।

দেশান্তর—অন্য দেশ। বড় হলে আমি দেশ-দেশান্তরে ঘুরে বেড়াব।

বরণ—কোনো কিছু সাদরে গ্রহণ। পয়লা বৈশাখে আমরা বাংলা নতুন বছরকে বরণ করে নিই।

ডুবুরি—যারা গভীর পানিতে ডুব দিয়ে কোনো জিনিস উদ্ধার করে আনে। মেঘনা নদীর তলদেশ থেকে ডুবুরিরা লঞ্চটি উদ্ধার করেছেন।

দুঃসাহসী—অত্যধিক সাহসী। দুঃসাহসী মুক্তিযোদ্ধারা দেশ স্বাধীন করেছেন।

চন্দ্রলোক—চাঁদের দেশ। মানুষ এখন চন্দ্রলোকে যাচ্ছে।

অচিনপুর—অচেনা জায়গা। অচিনপুরের রাজকন্যার নাম কিরণমালা।

ফেড়ে—চিরে। কাঠুরে কুড়াল দিয়ে কাঠটা ফেড়ে ফেলল।

২। নিচের প্রশ্নগুলোর উত্তর বলি ও লিখি।

ক. কবি বন্ধ ঘরে থাকতে চান না কেন?

উত্তর : অসীম বিশ্বকে জানার এক অদম্য কৌতূহল মানুষের। কিশোর কবিরও তাই। তিনি জানতে চান বিশ্বের সব কিছুকে। আবিষ্কার করতে চান অসীম আকাশের সব অজানা রহস্যকে। এ জন্যই কবি বন্ধ ঘরে থাকতে চান না।

খ. যুগান্তরের ঘূর্ণিপাকে মানুষ ঘুরছে বলতে কী বোঝা লেখো।

উত্তর : সময়ের সঙ্গে সঙ্গে মানুষও যে অবিরাম ছুটে চলেছে এ কথাটি বোঝাতে ‘যুগান্তরের ঘূর্ণিপাকে মানুষ ঘুরছে’ কথাটি বলা হয়েছে।

বিশ্বকে জানার এক অদম্য কৌতূহল মানুষের রয়েছে। সেই কৌতূহলে সে বুঝতে চায় মানুষ কেন ছুটছে অসীমে, অতলে, অন্তরীক্ষে। যুগের পর যুগ ধরে একইভাবে অজানাকে জানার জন্য এভাবে ছুটছে বলে উক্ত কথাটি বলা হয়েছে।

গ. চন্দ্রলোকের অচিনপুরে কারা যেতে চায়?

উত্তর : চন্দ্রলোকের অচিনপুরে দুঃসাহসীরা যেতে চায়।

অসীম বিশ্বকে জানার এক অদম্য কৌতূহল মানুষের রয়েছে। সে আবিষ্কার করতে চায় অসীম আকাশের সব অজানা রহস্যকে। তাই যারা দুঃসাহসী, তারা হাউই চড়ে চাঁদের দেশে যেতে চায়।

ঘ. কিসের আশায় বীর মরণকে বরণ করছে?

উত্তর : অজানা রহস্যকে আবিষ্কার করার আশায় বীর মরণকে বরণ করেছে।

অসীম বিশ্বকে জানার এক অদম্য কৌতূহল মানুষের রয়েছে। সেই কৌতূহল থেকেই প্রকৃত বীর জীবনকে অনায়াসে উৎসর্গ করে মৃত্যুর মতো কঠিন যন্ত্রণাকে বরণ করে নেয়। অর্থাৎ জীবনের বিনিময়েও প্রকৃত বীর বিশ্বজগতের রহস্যের জট খুলতে চায়।

ঙ. কবি হাতের মুঠোয় পুরে কী এবং কেন দেখতে চান?

উত্তর : ‘সংকল্প’ কবিতার কবি হাতের মুঠোয় পুরে বিশ্বজগৎকে দেখতে চান।

অসীম বিশ্বকে জানার এক অদম্য কৌতূহল মানুষের রয়েছে। কিশোর কবিরও তাই। তিনিও জানতে চান বিশ্বের অজানা সব রহস্যকে। তাই তাঁর প্রতিজ্ঞা, ঘরে বন্ধ হয়ে না থেকে আকাশ-পাতালের রহস্য ভেদ করবেন এবং বিশ্বজগতটাকে নিজের হাতের মুঠোয় পুরে দেখবেন।

**‘সংকল্প’ কবিতার প্রথম ৫ লাইন মুখস্ত লিখ

